

💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

২.১৬ (দ) কতিপয় বিদ'আতী নামায - ১১৫. বিদ'আত নামায কাকে বলে?

যে সালাতের পক্ষে সহীহ হাদীস নাই, এমনকি কোন হাসান হাদীসও নাই। আছে দুর্বল ও জাল হাদীস, ঐসব নামায হলো বিদআতী নামায। এসব নামাযে সাওয়াবতো নেই-ই, বরং পাপ রয়েছে। এমন কিছু নামায নিচে উল্লেখ করা হলো:

(১) সালাতুর রাগাইব, (২) হাজারী নামায, (৩) মৃতের জন্য ইসালে সাওয়াবের নামায, (৪) কুরআন মুখন্তের জন্য সালাতুল হিফজ, (৫) রজব মাসের নামায, (৬) শবে মিরাজের নামায ইত্যাদি। ইয়াহউ উলুমিদ্দীন ও গুনিয়াতুত তালেবীন' বই দুটিতে এমন এমন নামাযের বর্ণনা রয়েছে এবং নামাযগুলোর পদ্ধতি ও অকল্পনীয় সওয়াবের বর্ণনাও রয়েছে। অথচ এসবের পক্ষে একটি সহীহ হাদীসও নাই। এসব নামায আদায় থেকে আমরা যেন বিরত থাকি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13001

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন